

গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পাঠকসেবা শাখা
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.৪৩

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৬

১৯ নভেম্বর ২০১৯

বিষয়: মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

| ক্র.নং. | গ্রুপ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দসীমা |
|---------|-------|------------------------|----------------------------------|----------|
| ১. | ক | পঞ্চম-অষ্টম | আমাদের বিজয় দিবস | ১০০০ |
| ২. | খ | নবম-দ্বাদশ | বিজয় দিবসের উৎসব | ১২০০ |
| ৩. | গ | স্নাতক- স্নাতকোত্তর | মুক্তিযুদ্ধে বিদেশীদের ভূমিকা | ১৫০০ |
| ৪. | ঘ | সর্বসাধারণ | সাহিত্য ও সংস্কৃতিতে মুক্তিযুদ্ধ | ১৮০০ |

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

| ক্র.নং. | গ্রুপ | বয়সসীমা | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় |
|---------|-------|-----------------|---------------------------------|
| ১. | ক | অনূর্ধ্ব-৭ বছর | উন্মুক্ত |
| ২. | খ | অনূর্ধ্ব-১২ বছর | বিজয় দিবসের আনন্দ |
| ৩. | গ | প্রতিবন্ধী | বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্য |

রচনা ও বইপাঠ প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। বইপাঠ প্রতিযোগিতার ফরম সংশ্লিষ্ট গণগ্রন্থাগার থেকে সংগ্রহ করে ঐ গণগ্রন্থাগারেই জমা দিতে হবে এবং বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের হতে হবে। রচনা ও পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৭.১২.২০১৯।


চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৭.১২.২০১৯ তারিখ বিকেল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

পুস্তক প্রদর্শনী : গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগার কার্যালয় চত্বরে ১৭.১২.২০১৯ থেকে ১৮.১২.২০১৯ তারিখ ০২ (দুই) দিনব্যাপী মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১৫.১২.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।



মোঃ আব্দুল মান্নান ইলিয়াস
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

ফ্যাক্স: ৫৮৬১১৭৭৫

ইমেইল: dg.dpl.2012@gmail.com

বিতরণ :


- ১) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।
- ২) সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল)
- ৩) গ্রন্থাগারিক, বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স সরকারি গণগ্রন্থাগার, টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।
- ৪) সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.৪৩/১(২)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৬
১৯ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



২৫-১১-২০১৯

এ এইচ এম কামরুজ্জামান
লাইব্রেরিয়ান